স্মারক নং: রেজিঃ/সংস্থাপন-২/নিয়োগ-১১৫(৩)/১৫৫/২০২১/২২৮১ তারিখ: ২৯ আগস্ট ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন **বিভাগ/দপ্তর/শাখা/খামার**-এর জন্য নিম্নলিখিত পদের বিপরীতে উল্লিখিত বেতনস্কেলে শূন্যপদ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | সেকশন অফিসার<br>গ্রেড-০৯ (২২০০০-৫৩০৬০) | ০১ |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০১ |
| ৩. | ড্রাইভার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০৩ |
| ৪. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০৪ |
| ৫. | মালি<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০১ |
| ৬. | ক্লিনার/পরিচ্ছন্নতা কর্মী<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০২ |

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র আগামী ২০-০৯-২০২৬ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। আগ্রহী প্রার্থীদের **নির্ধারিত ফরম, নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী** বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ অথবা http://www.sau.ac.bd হতে ডাউনলোড করা যাবে।

29/08/2026

(প্রফেসর ড. মোঃ আসাদ-উদ-দৌলা)
রেজিস্ট্রার (অ.দা.)
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

CamScanner

## যোগ্যতা ও অভিজ্ঞতা

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১। | সেকশন অফিসার<br>গ্রেড-০৯ (২২০০০-৫৩০৬০) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়স: অনুর্ধ্ব ৩২ বছর। |
| ০২। | অফিস সহকারি কাম কম্পিউটার টাইপিস্ট<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) প্রার্থীকে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে।<br>খ) অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণসহ (Microsoft Office XP- MS Word, MS Excel, MS Power Point) বিজয় বাংলা Software সমূহ ব্যবহারের উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) প্রার্থীকে এপ্টিচুট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>ঘ) শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঙ) বয়স: অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৩। | ড্রাইভার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) বিভিন্ন প্রকার মটরযান চালানোর বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হেভী ড্রাইভিং লাইসেন্স ধারীসহ ৮ম শ্রেণি/ অন্যান্য ড্রাইভিং লাইসেন্স ধারীসহ এস.এস.সি পাশ হতে হবে।<br>খ) বয়সঃ অনুর্ধ ৩২ বছর। |
| ০৪। | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | ক) ৮ম শ্রেণি পাশসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>খ) বয়স: অনুর্ধ্ব ৩২ বছর। |
| ০৫। | মালি<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | ক) ৮ম শ্রেণি পাশসহ বাগান পরিচর্যা, গাছ-গাছালী রক্ষণাবেক্ষনে পারদর্শীতা সহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>খ) বয়স: অনুর্ধ্ব ৩২ বছর। |
| ০৬। | ক্লিনার/পরিচ্ছন্নতা কর্মী<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | ক) ৮ম শ্রেণি পাশ। জাত সুইপারের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) বয়স: অনুর্ধ্ব ৩২ বছর। |

### প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:

১. আগ্রহী প্রার্থীদের আগামী ২৯ আগস্ট ২০২৬ হতে ২০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ অফিস চলাকালীন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.sau.ac.bd হতে কর্মকর্তা ও কর্মচারী পদের জন্য দরখাস্তের ফরম ডাউনলোড করে পূরণ করতে হবে।

২. ০১ নং পদের প্রার্থীদের ক্ষেত্রে ০৭ (সাত) এবং ০২ হতে ০৬ নং পদের প্রার্থীদের ক্ষেত্রে ০৩ (তিন) সেট দরখাস্ত রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর অনুকূলে প্রেরণ/দাখিল করতে হবে। চাহিত আবেদন সেটের মধ্যে এক সেট সত্যায়িত হতে হবে এবং অন্য সেটগুলি সত্যায়িতের অনুরূপ ফটোকপি দিতে হবে।

৩. প্রার্থীকে আবেদনপত্রের সাথে ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র, খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্বিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ও পেমেন্ট স্লিপ প্রতি সেটের সাথে সংযুক্ত করতে হবে।

৪. প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫. সরকারি প্রচলিত কোটা অনুসরণ করতে হবে।

৬. চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭. অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাবে।

৮. খামের উপর প্রার্থীত পদের নাম উল্লেখ করতে হবে।

৯. রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর অনুকূলে প্রতিটি পদের জন্য আলাদাভাবে প্রার্থীকে ০১ নং পদের প্রার্থীকে ১০০০/- (টাকা এক হাজার মাত্র) এবং ০২ হতে ০৬ নং পদের প্রার্থীকে ৬০০/- (টাকা ছয়শত মাত্র) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে অর্ডার রূপালী ব্যাংক পিএলসি/ পূবালী ব্যাংক পিএলসি, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্র আগামী ২০-০৯-২০২৬ তারিখ অফিস চলাকালীন অবশ্যই সরাসরি/ ডাক যোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।

১০. আবেদনপত্র আগামী ২০-০৯-২০২৬ তারিখ অফিস চলাকালীন সরাসরি/ডাক যোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।

১১. মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের কপি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নপূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২. ভূয়া তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৪. নিয়োগের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।

১৫. দরখাস্ত দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।

১৬. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে কর্তৃপক্ষ শর্ত/বয়সসীমা শিথিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৮. ১নং প্রার্থী (সেকশন অফিসার) এর বেলায় শিক্ষার কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।

১৯. নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

29/08/2026

(প্রফেসর ড. মোঃ আসাদ-উদ-দৌলা)
রেজিস্ট্রার (অ.দা.)
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

CamScanner